



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৬.২০.১৮৬

তারিখ: ১ আষাঢ় ১৪২৭

১৫ জুন ২০২০

বিষয়: রাজশাহী জেলার আলীপুর মডেল কলেজের শিক্ষক-কর্মচারীদের আদালতের রায় মোতাবেক এমপিওভুক্তকরণ

- সূত্র: (১) Civil Petition For Leave To Appeal No 971 of 2018(রিট পিটিশন নং ৬৫৩১/২০১১ হতে উদ্ভূত)
(২) কনটেম্প পিটিশন নং ৪৮/৯১ এর আদেশ;
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৭.২০১৯.১৬ তারিখ : ১২.০১.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন আলীপুর মডেল কলেজ এর ৩৬ জন শিক্ষক-কর্মচারি এমপিওভুক্তির জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৬৫৩১/২০১৮ দায়ের করেন। মহামান্য আদালত পিটিশনারকে এমপিওভুক্তির জন্য রায় প্রদান করেন। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ ৯৭১/২০১৮ নং লিভ টু আপিল দায়ের করলে আপিল খারিজ করে হাইকোর্টের রায় বহাল রাখেন। হাইকোর্টের রায় বাস্তবায়ন না হওয়ায় কনটেম্প পিটিশন নং ৪৮/২০১৮ দায়ের করেন। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুসারে মাউশির এমপিও কমিটির সভায় আদালত থেকে রায় প্রাপ্ত আলীপুর কলেজের শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির সিদ্ধান্ত গৃহীত হয় এবং গত ১৯/০৯/২০১৯ খ্রি. তারিখের পত্রে ৩৬ জন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করার জন্য উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহীকে মাউশি থেকে নির্দেশনা দেয়া হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর, রাজশাহী কর্তৃক শিক্ষক-কর্মচারীদের অনলাইনে আবেদনের জন্য ডিউ পোস্ট সেটাপ না করায় প্রতিষ্ঠান থেকে আবেদন করতে পারে নাই মর্মে মন্ত্রণালয়ে জানান। মন্ত্রণালয়ের গত ১২.০১.২০২০ তারিখের পত্রে আলীপুর মডেল কলেজের ৩৬ জন শিক্ষক-কর্মচারির এমপিওভুক্তির বিষয়টি নিষ্পত্তি করার জন্য পুনরায় মাউশিকে নির্দেশনা প্রদান করেন।

এ বিষয়ে মাউশির মার্চ/২০২০ মাসের এমপিও কমিটির সভার সিদ্ধান্ত নিম্নরূপ : বর্তমানে মাউশি অধিদপ্তরের অনলাইনে এমপিও ভুক্তির ক্ষেত্রে শিক্ষক-কর্মচারির ডিউ পদ সৃষ্টির প্রয়োজনীয়তা না থাকায় কলেজ কর্তৃপক্ষ উল্লেখিত ৩৬ জন শিক্ষক-কর্মচারির এমপিওভুক্তির জন্য পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী বরাবর আবেদন করবেন। পরিচালক প্যারটার্নভুক্ত পদগুলো এমপিওভুক্তকরণ এবং প্যারটার্ন বর্হিত পদগুলোর বিষয়ে মাউশির সিদ্ধান্ত কামনা করে অধিদপ্তরে অগ্রায়ন করবেন।

এমতাবস্থায়, রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন আলীপুর মডেল কলেজের মহামান্য আদালত থেকে রায়প্রাপ্ত ৩৬ জন শিক্ষক কর্মচারীর এমপিওভুক্তির বিষয়ে মার্চ/২০২০ মাসের এমপিও কমিটির সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

পরিচালক


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৬.২০.১৮৬/১

তারিখ: ১ আষাঢ় ১৪২৭
১৫ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২) সভাপতি, গভর্নিং বডি, আলীপুর মডেল কলেজ, দুর্গাপুর, রাজশাহী;
- ৩) আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ৪) অধ্যক্ষ, আলীপুর মডেল কলেজ, দুর্গাপুর, রাজশাহী;
- ৫) সংরক্ষণ নথি।



১৫-৬-২০২০

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক